



ছবিটি গতবারের। সব বিজয়ীরা বিজয় মঞ্চে। ছোট্ট বন্ধুরা এবারের বিজয় মঞ্চে ওঠার জন্য তৈরি হয়ে যাও

আবার শুরু হচ্ছে

গল্প লেখো... গল্প জেতো প্রতিযোগিতা

লিখেছেন নোমান মোহাম্মদ

গত বছর 'নিডো-সাপ্তাহিক ২০০০ গল্প লেখো... গল্প জেতো' প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এসে একজন অভিভাবক মন্তব্য করেছিলেন, 'আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ- এই স্লোগানটাকে তো আপনারা পাল্টে দিচ্ছেন। গল্প লেখার এই প্রতিযোগিতা যদি প্রতি বছর অনুষ্ঠিত হয় তাহলে তো অচিরেই বলতে হবে- আজকের 'নিডো-সাপ্তাহিক ২০০০ গল্প লেখো... গল্প জেতো'র লেখক, আগামী দিনের শওকত আলী, হুমায়ূন আহমেদ কিংবা ইমদাদুল হক মিলন।'

এই ধরনের প্রতিক্রিয়াকে আমরা সম্মান করি। সেই সঙ্গে ভুলে যাইনি আমাদের সামাজিক দায়িত্ব। সে জন্যই নেস্লে বাংলাদেশ লিমিটেড, বিজ্ঞাপনী সংস্থা ইউনিট্রেড লিমিটেড এবং সাপ্তাহিক ২০০০-এর যৌথ উদ্যোগে চতুর্থবারের মতো আয়োজন করা হচ্ছে 'গল্প লেখো... গল্প জেতো' প্রতিযোগিতা। ১ জুন উপরোক্ত প্রতিষ্ঠান তিনটি এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর করে। এ সময় নেস্লে বাংলাদেশ লিমিটেডের পুষ্টি বিভাগের পরিচালক আফতাবুজ্জামান খান, নেস্লে বাংলাদেশ লিমিটেডের কালিনারি ও কমিউনিকেশন ম্যানেজার আশরাফ বিন তাজ, নিডোর ব্রান্ড ম্যানেজার নুজহাত ইউসুফ, ইউনিট্রেডের অ্যাকাউন্টস ডিরেক্টর তুষার দাশ, সাপ্তাহিক ২০০০-এর নির্বাহী



পুরস্কার দিচ্ছেন সাপ্তাহিক ২০০০-এর সম্পাদক শাহাদত চৌধুরী

সম্পাদক মোহসিনউল আদনান, প্রধান প্রতিবেদক গোলাম মোর্তোজা ও প্রধান আলোকচিত্রী তুহিন হোসেন উপস্থিত ছিলেন। যেকোনো ভালো উদ্যোগ আমাদের দেশে দীর্ঘস্থায়ী হয় না। সে হিসেবে এই 'গল্প লেখো... গল্প জেতো' প্রতিযোগিতার চতুর্থ বর্ষে পদার্পণ একটি বড় ঘটনাই বটে। আর এতে নিশ্চয়ই সবচেয়ে উপকৃত এবং উল্লসিত হয়েছে সারা বাংলাদেশের বিভিন্ন স্কুলে ৩য় থেকে ৬ষ্ঠ শ্রেণীতে পড়ুয়া ছাত্র-ছাত্রীরা।

২০০১ সালে প্রথমবারের মতো এই গল্প লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। শুরুতেই প্রতিক্রিয়া ছিল ব্যাপক। ক্ষুদে লেখক ও অভিভাবকরা তখনই এ প্রতিযোগিতা আয়োজনের ভূয়সী প্রশংসা করেছেন। তাদের

উৎসাহ ও তিনটি প্রতিষ্ঠানের সম্মিলিত উদ্যোগ পর পর চতুর্থবারের মতো এ প্রতিযোগিতা আয়োজনের সাহসী উদ্যোগ নিতে সহায়তা করেছে।

প্রতিবছর এই প্রতিযোগিতাকে কেন্দ্র করে ব্যাপক প্রচারাভিযান চালানো হয়। ঢাকা ও এর আশপাশের জেলার প্রায় হাজারখানেক স্কুলে সরাসরি ক্যাম্পেইনিং করা হয়। একই সঙ্গে সাপ্তাহিক ২০০০-এর প্রতিনিধির মাধ্যমে সারা দেশে প্রায় ১০ হাজার স্কুলে চালানো হয় প্রচারাভিযান। গত বছর সরাসরি ক্যাম্পেইনিং পর্বে মোট সদস্য সংখ্যা ছিল ২৪। ১২টি গ্রুপে বিভক্ত হয়ে তারা স্কুল ক্যাম্পেইনিংয়ের কাজ করে। এছাড়া বিভিন্ন জেলা প্রতিনিধির মাধ্যমে ঢাকার বাইরের জেলাগুলোতে প্রচারাভিযান চালানো হয়। সব জায়গার সব স্কুল থেকে আমরা পেয়েছি অভূতপূর্ব সাড়া। গত বছর দু'বিভাগে সর্বমোট ৩২৬৭টি গল্প আমরা পেয়েছিলাম।

'গল্প লেখো... গল্প জেতো' প্রতিযোগিতা আয়োজিত হয় দুটি বিভাগে। ৩য় ও ৪র্থ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের অবস্থান 'ক' গ্রুপে। ৫ম ও ৬ষ্ঠ শ্রেণীর ছাত্র-ছাত্রীরা 'খ' গ্রুপে। প্রতি গ্রুপের শীর্ষস্থানীয় ২০ জন গল্প লেখকের গল্প ছাপা হবে সাপ্তাহিক ২০০০-এর ঈদ সংখ্যায়। শওকত আলী, মঈনুল আহসান সাবের ও জাফর ইকবালের মতো লেখকদের সঙ্গে গল্প ছাপা হওয়া বিজয়ী ক্ষুদে লেখকদের জন্য সবচেয়ে বড় স্বীকৃতি। বিজয়ীদের জন্য এছাড়াও রয়েছে ডিভিডি প্লেয়ার, ক্যামেরা,

ডিস্কম্যানসহ নানা পুরস্কার।

এ বছর 'গল্প লেখো... গল্প জেতো' প্রতিযোগিতা আয়োজন শুরু হচ্ছে আগামী মাসে। জুলাই মাসের ১৫ তারিখ থেকে শুরু হবে স্কুল ক্যাম্পেইনিংয়ের কাজ। এ সময় থেকেই আমাদের বিভিন্ন প্রতিনিধিরা বিভিন্ন স্কুলে সরাসরি ক্যাম্পেইনিং শুরু করবে। সেপ্টেম্বর মাসের ২ তারিখ ছাত্র-ছাত্রীদের গল্প পাঠানোর শেষ সময়।

অতএব, ছোট্ট বন্ধুরা প্রস্তুত হয়ে যাও। আমরা আবার চলে আসছি তোমাদের কাছে, তোমাদের স্কুলে। আগামীর লেখক হবার জন্য তৈরি হও তোমরা। সাপ্তাহিক ২০০০-এর পরবর্তী সংখ্যাগুলোতে এ সম্পর্কে আরো বিস্তারিত জানানো হবে।